গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
পরিদর্শন (ময়মনসিংহ শাখা)
গাইড হাউজ (৭ম, ৯ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারকনং- ৫৭.২৫.০০০০.০০৬.১৭.০০১.২৬- ২৯

তারিখ: ১৮ কার্তিক;১৪৩৩ বঙ্গাব্দ:
৩ নভেম্বর ;২০২৬ ইং:

বিষয়: জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার মোসলেমাবাদ আলিম মাদ্রাসা জেলা শিক্ষা অফিসার কর্তৃক আকস্মিক পরিদর্শনে শিক্ষক ও শিক্ষার্থীর অনুপস্থিত বিষয়ে অত্র অধিদপ্তরে উপস্থিত হয়ে লিখিত জবাব প্রদান প্রসঙ্গে।

সূত্র: ১। জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, জামালপুর স্মারক নং-৩৭.০২.৩৯০০.০০১.০৪.২৬-২০৩১ এর ব্যক্তিগত স্বাক্ষর সম্বলিত আবেদন। ডকেট নং- ২৪৭৬৫;তারিখ:২৭/১০/২০২৬খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৫/১০/২৬ তারিখ মো: শামছুল আলম, জেলা শিক্ষা অফিসার জামালপুর ১২.৩০ ঘটিকায় আকস্মিক ভাবে মোসলেমাবাদ আলিম মাদ্রাসায় উপস্থিত হয়ে সরেজমিনে পরিদর্শন করে ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেনি পর্যন্ত ১১ জন শিক্ষার্থী উপস্থিত ছিল। যা মোট শিক্ষার্থীদের ৬% এ ছাড়াও ১। সর্বজনাব অধ্যক্ষ মো: আ: আজিজ ২। মো: এখলাছুর রহমান সহ. অধ্যাপক আরবী ৩। জাহিদুল ইসলাম প্রভাষক (আরবী) ৪। নাহিদুল ইসলাম সহকারী শিক্ষক (ইংরেজী) ৫। শাহিনুর রহমান (এবতেদায়ী শিক্ষক) এই ৫ জন শিক্ষক অনুমতি ছাড়া অনুপস্থিত থাকেন যা আইনত দন্ডনীয় অপরাধ।

উক্ত ৫ জন শিক্ষককে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ উপস্থিত হয়ে ০৭ কর্মদিবসের মধ্যে লিখিত জবাব প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায় আপনাদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে।

৩/১১/২৬
এইচ এম শামিম আহম্মদ
পরিদর্শক (সহযোগী অধ্যাপক)
ময়মনসিংহ বিভাগ
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। জনাব,অধ্যক্ষ,মো: আ: আজিজ,মোসলেমাবাদ আলিম মাদ্রাসা, মাদারগঞ্জ, জামালপুর।
২। সভাপতি, মোসলেমাবাদ আলিম মাদ্রাসার মাদ্রাসা, মাদারগঞ্জ, জামালপুর।
৩। মো: এখলাছুর রহমান সহ. অধ্যাপক আরবী, জাহিদুল ইসলাম প্রভাষক (আরবী), নাহিদুল ইসলাম সহকারী শিক্ষক (ইংরেজী), শাহিনুর রহমান (এবতেদায়ী শিক্ষক)

সদয় জ্ঞাতার্থে/ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। উপ-পরিচালক (প্রশাসন) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
২। ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

CamScanner